



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান, ঢাকা-১০০০।

স্মারক নং ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১১.০০২.১৯-২১

তারিখ ১২.০১.২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ব্যাংকের নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশি যোগ্য নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্র নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	নিরাপত্তা প্রহরী (গার্ড)	টা: ৯৩০০-২২,৪৯০/-	৩০(ত্রিশ) টি	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সুঠাম দেহের অধিকারী হইতে হইবে: তবে শর্ত থাকে যে, সেনাবাহিনী/বিডিআর/পুলিশ/আনসার বাহিনী হইতে অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।

০১. আবেদনের শর্তাবলীঃ

ক. প্রার্থীকে অবশ্যই জন্ম সূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

খ. প্রার্থীকে নির্ধারিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে। আবেদন ফরম প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েব সাইট www.pkb.gov.bd এর নোটিস বোর্ড হতে সংগ্রহ করা যাবে।

গ. ৩১.১২.২০১৯খ্রিঃ তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২. দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র/ডকুমেন্ট দাখিল করতে হবেঃ

ক) 'প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা' এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে ৫০.০০ (পঞ্চাশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

খ) সম্পত্তি তোলা আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি ;

গ) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

ঘ) স্থায়ী ঠিকানার সমর্থনে নাগরিকত্ব সনদ (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট);

ঙ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) ;

চ) আবেদনকারীর বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের ডাকটিকিট সম্বলিত ৯"৪" আকারের দুইটি ফেরত খাম;

ছ) বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রমাণপত্র।

০৩. অন্যান্য তথ্যঃ

ক) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ ও কোটা সম্বলিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

খ) শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদপত্রের কপি/ফটোকপি এবং প্রার্থীর ছবি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে;

গ) আবেদনকারীকে খামের উপরে পদের নাম ও নিজ জেলা স্পষ্টভাবে লিখতে হবে;

ঘ) প্রার্থীদের শারীরিক যোগ্যতার ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র শারীরিক যোগ্যতার পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

ঙ) মৌখিক ও শারীরিক যোগ্যতার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না;

চ) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে;

ছ) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে;

জ) নির্বাচিত প্রার্থীদের প্যানেল সংরক্ষণ করা হবে;

ঝ) পদের সংখ্যা কম বেশি হতে পারে। ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(ঞ) দরখাস্ত ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ৭১-৭২, প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান, ঢাকা-১০০০ এর বরাবর আগামী ৩০.০১.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্র আবশ্যিকভাবে ডাকযোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(ট) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭.৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণপূর্বক ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত অনুলিপিঃ

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ওয়ারিশ সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতী-নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১. লাল মুক্তি বার্তা নম্বর ২. ভারতীয় তালিকা ও খন্ড নম্বর ৩. গেজেট নম্বর ও তারিখ ৪. সাময়িক সনদের নম্বর ও তারিখ ৫. বামুস সনদের নম্বর ও তারিখ (ক্রমিক ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নম্বর ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নম্বর ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণক দাখিল করতে হবে)	১. জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ ২. জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ ৩. এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ ৪. জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ	

(ঠ) চাকরিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে;

(ড) নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে; আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না;

(ঢ) এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে (www.pkb.gov.bd) পাওয়া যাবে;

(ণ) কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

স্বাক্ষরিতঃ-
বিভাগীয় প্রধান,
মানব সম্পদ বিভাগ

